



বঙ্গবন্ধু মুক্তিযুদ্ধ বাংলাদেশ গবেষণা ইনস্টিটিউট

জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর-১৭০৪, বাংলাদেশ

সূত্র নং-১৬(০১)জাতী:বি:/আইবিএলবিএস/২০২২/১৮৪

তারিখ : ১৬/১১/২০২২ ইং

বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয় শিক্ষার গুণগত মান বৃদ্ধির লক্ষ্যে অঙ্গীভূত বঙ্গবন্ধু মুক্তিযুদ্ধ বাংলাদেশ গবেষণা ইনস্টিটিউট এর আওতায় প্রথমবারের মত অধিভুক্ত কলেজের শিক্ষকগণের জন্য 'স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস'- এর ওপর বিশেষ প্রশিক্ষণ কোর্স আয়োজনের সিদ্ধান্ত গ্রহণ করেছে। নিম্নে এ বিষয়ে বিস্তারিত তথ্য প্রদান করা হলো।

ব্যাচ	কোর্স	প্রশিক্ষার্থীদের নাম প্রেরণের সময়কাল	প্রশিক্ষণ কার্যদিবস
বিশেষ-১	স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস	২০/১১/২০২২ থেকে ৩০/১১/২০২২	১৫ (পনের)

অধিভুক্ত স্নাতক ও স্নাতক (সম্মান) কলেজে 'স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস' কোর্সে পাঠদানকারী **ইতিহাস/রাষ্ট্রবিজ্ঞান/ইসলামের ইতিহাস ও সংস্কৃতি** বিষয়ের ১ (এক) জন প্রভাষক/সহকারী অধ্যাপক/সহযোগী অধ্যাপক পদমর্যাদার টিটিআইএস আইডিধারী শিক্ষক-কে অধ্যক্ষ/উপাধ্যক্ষ মহোদয়ের অনুমোদন সাপেক্ষে প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের নিমিত্তে বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখের মধ্যে আবেদন প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। [বি: দ্র: যাদের TTIS আইডি নেই অথবা যে সকল স্নাতক (পাস) কলেজ এখনও TTIS ডাটাবেজ-এ নিবন্ধিত হয়নি; সে সকল শিক্ষক/কলেজ TTIS ডাটাবেজ-এ TTIS আইডি তৈরি/নিবন্ধিত হয়ে প্রশিক্ষণে আবেদন করতে পারবেন। কলেজ নিবন্ধের জন্য ttis.ttnubd@gmail.com মেইলে অধ্যক্ষ কর্তৃক পরিচালক, শিক্ষক প্রশিক্ষণ দপ্তর বরাবর আবেদন প্রেরণ করলে ফিরতি মেইলে TTIS ব্যবহার বিধি ও কলেজ সংযুক্ত করার জন্য নির্দেশনা প্রদান করা হবে।]

উল্লিখিত বিষয় ব্যতীত অন্য কোন বিষয়ের শিক্ষক-কে উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণের মনোনয়ন দেয়া হবে না। প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃক মনোনয়ন দেয়া হলে যথাসময়ে সংশ্লিষ্টদের এসএমএস/ইমেইল যোগে ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট www.nu.ac.bd -এর মাধ্যমে অবহিত করা হবে।


প্রশ্নমালা পূরণের নিয়মাবলী:

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রবেশ করুন, এরপর ট্রেনিং মেন্যুতে টিটিআইএস সফটওয়্যার লগইন পেজে উন্মুক্ত করা **EMERGENCE OF BANGLADESH**-এ ক্লিক করুন। আপনার কলেজের ঠিকানা (বিভাগ ও জেলা), কলেজের নাম, বিষয় ও আপনার নাম সিলেক্ট করুন এবং এরপর **SUBMIT APPLICATION** বাটনে ক্লিক করুন, এরপর **ACTION PROCESSED** লেখা আসলে আপনার প্রেরিত তথ্য টিটিআইএস অনলাইন ডাটাবেজে চলে আসবে। উল্লেখ্য, আবেদন প্রেরণের জন্য কলেজের কোন প্রকার পাসওয়ার্ড প্রয়োজন হবে না।

(বি.দ্র.: আবেদন একবারই প্রেরণ করা যাবে, একাধিকবার আবেদন করার সুযোগ নেই)

শর্তাবলী:

- ** ইতোমধ্যে যে সকল শিক্ষক উক্ত কোর্সের প্রশিক্ষণ গ্রহণ করেছেন তাঁদের নাম প্রেরণের প্রয়োজন নেই।
- ** প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণকারী শিক্ষকগণের সর্বোচ্চ বয়সসীমা ৫০ বছর।
- ** প্রশিক্ষণ কোর্স সংক্রান্ত যাবতীয় বিষয়াদি পরিবর্তন ও পরিমার্জন জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।


16.11.2022

প্রফেসর ড. মো. মনিরুজ্জামান

ডিন (কারিকুলাম উন্নয়ন ও মূল্যায়ন কেন্দ্র) ও

পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বঙ্গবন্ধু মুক্তিযুদ্ধ বাংলাদেশ গবেষণা ইনস্টিটিউট


জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪, বাংলাদেশ

সূত্র নং-১৬(০১)জাতী:বি:/আইবিএলবিএস/২০২২/১৮৪

তারিখ : ১৬/১১/২০২২ ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

১. সকল ডিন, জাতীয় বিশ্ববিদ্যালয়
২. সকল চেয়ারম্যান, একাডেমিক কমিটি, জাতীয় বিশ্ববিদ্যালয়
৩. অধ্যক্ষ, সকল অধিভুক্ত কলেজ, জাতীয় বিশ্ববিদ্যালয়
৪. সকল দপ্তর/বিভাগীয় প্রধান, জাতীয় বিশ্ববিদ্যালয়
৫. পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ, জাতীয় বিশ্ববিদ্যালয়
৬. পরিচালক, তথ্য ও প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
৭. উপ-রেজিস্ট্রার ও সচিব, ভাইস-চ্যান্সেলর এর দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৮. সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর এর দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৯. সহকারী রেজিস্ট্রার, ট্রেজারার এর দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়
১০. সহকারী রেজিস্ট্রার, রেজিস্ট্রার এর দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়
১১. নোটিশ বোর্ড
১২. অফিস কপি


16.11.2022

প্রফেসর ড. মো. মনিরুজ্জামান

ডিন (কারিকুলাম উন্নয়ন ও মূল্যায়ন কেন্দ্র) ও পরিচালক (অতিরিক্ত দায়িত্ব),

বঙ্গবন্ধু মুক্তিযুদ্ধ বাংলাদেশ গবেষণা ইনস্টিটিউট, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪, বাংলাদেশ